গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
**এসডিজি সেল**
www.sid.gov.bd

নং: ৫২.০০.০০০০.০২৮.০৫.০০৯.১৭.১১৮ তারিখ: ১২ ভাদ্র ১৪২৬ / ২৭ আগস্ট ২০১৯

**বিষয়: ন্যাশনাল ডাটা কো-অর্ডিনেশন কমিটির ৫ম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ২৬/০৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত ন্যাশনাল ডাটা কো-অর্ডিনেশন কমিটির ৫ম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী (০৪) চার পাতা।

ড. দিপংকর রায়
উপসচিব
ফোন: ৫৫০০৭০৭৩
ই-মেইল: dr.roy.rd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-কার্যার্থে/জ্ঞাতার্থে):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৫. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
০৬. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭, ঢাকা।
১২. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণায়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
২৫. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১-মতিঝিল বা/এ, ঢাকা।
২৮. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
২৯. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩০. সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৩৫. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), সেগুনবাগিচা, ঢাকা।
৩৬. চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন, বিটিএমসি ভবন, ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫, ঢাকা।
৩৭. অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৩৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৩৯. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৪০. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৪১. মহাপরিচালক (খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট-FPMU), খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৪৩. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪৪. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
৪৫. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকা।
৪৬. মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৪৭. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭, আগারগাঁও, ঢাকা-১২০৭ ।
৪৮. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশি, নীলক্ষেত, ঢাকা
৪৯. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন, (এটুআই প্রোগ্রাম) প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫০. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫১. চেয়ারম্যান, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল সি/এ, ঢাকা ।
৫২. প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১ পান্থপথ, লিংকরোড, কাওরান বাজার, ঢাকা ১২১৫।
৫৩. প্রেসিডেন্ট, বাংলাদেশ নিটওয়্যার্স ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্ল্যানার্স টাওয়ার (৫মতলা), ১৩/এ, সোনারগাঁ রোড, বাংলা মোটর, ঢাকা।
৫৪. নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) বাড়ী #৬/২ (৮ম তলা) এফ ব্লক, কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া, হাউজিং এস্টেট, ঢাকা-১২০৭।
৫৫. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ই-১৪/এক্স, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
৫৬. পরিচালক, ইনস্টিটিউট অব স্ট্যাটিসটিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫৭. সদস্য-সচিব, জরিপ/শুমারি প্রস্তাব পরীক্ষা, অনুমোদন ও পরিবীক্ষণ কমিটি, বিবিএস, ঢাকা।

অনুলিপি:

০১. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য )।
০২. প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. অফিস কপি/গার্ড নথি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
এসডিজি সেল
www.sid.gov.bd

**বিষয়: ন্যাশনাল ডাটা কোঅর্ডিনেশন কমিটি (NDCC)-এর ৫ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
তারিখ : ২৬/০৮/২০১৯ খ্রি.
সময় : বিকাল ৩:৩০ ঘটিকা
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ।
সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

**২.০। উপস্থাপনা ও আলোচনা:**

২.১। সভাপতি সভার শুরুতেই সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি ন্যাশনাল ডাটা কোঅর্ডিনেশন কমিটি (NDCC)-এর সার্বিক কার্যক্রম বিষয়ে আলোকপাত করে সূচনা বক্তব্য প্রদান করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জনাব মো. সাইফুল ইসলামকে আহ্বান জানান।

২.২। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে জানান যে, অদ্যকার এ সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি, SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোড, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় এ বিভাগ কর্তৃক প্রেরিত Template অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় থেকে প্রাপ্ত ২৩২টি এসডিজি সূচক এবং (৩৯+১)টি এসডিজি অগ্রাধিকার সূচকের হালনাগাদ তথ্য-উপাত্ত পর্যালোচনা, NDCC-এর আওতাধীন বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা, আন্তর্জাতিক সূচকসমূহের বিস্তারিত পর্যালোচনা, এসডিজি পরিবীক্ষণে সরকার ব্যতীত অন্যান্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত উপাত্ত প্রকাশ ও ব্যবহারসহ আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়াদি আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ আবশ্যক। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি তুলে ধরেন:

| সভার সিদ্ধান্তসমূহ | গৃহীত পদক্ষেপসমূহ |
|---|---|
| ১. পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী সরকারি পরিসংখ্যান ব্যবহারের বাধ্যবাধকতা নিশ্চিত করতে আইনসহ ধারা উল্লেখ করে এবং Administrative Data বিবিএস কর্তৃক অবশ্যই সত্যকরণের (Authentication) জন্য তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহকে একটি পত্র প্রেরণ করতে হবে। | পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী সরকারি পরিসংখ্যান ব্যবহারের বাধ্যবাধকতা নিশ্চিতকরণ এবং Administrative Data বিবিএস কর্তৃক অবশ্যই সত্যকরণের (Authentication) জন্য তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে গত ০৯ মে ২০১৯ তারিখে একটি পত্র প্রেরণ করা হয়েছে। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে একটি প্রস্তাব পাওয়া গেছে। |
| ২. SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোডের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ডাটা প্রদানকারী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এটুআই প্রোগ্রাম যৌথভাবে কাজ করবে। এক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ যথাযথভাবে সমন্বয়, | SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোডের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ডাটা প্রদানকারী ও অনুমোদনকারী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এটুআই (a2i) প্রোগ্রাম কর্তৃক, যৌথভাবে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রায় দুই শতাধিক কর্মকর্তাগণকে |

| সভার সিদ্ধান্তসমূহ | গৃহীত পদক্ষেপসমূহ |
|---|---|
| সহযোগিতা এবং ডাটা প্রদানের জন্য নির্ধারিত টাইমলাইন নিশ্চিত করতে নিয়মিত পর্যালোচনা করবে। | ০৬ (ছয়)টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ৩. তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের সাথে যোগাযোগের মাধ্যমে ২০২০ সালের মধ্যে অর্জন করা যাবে এবং কোনগুলো ভাল অবস্থানে রয়েছে এরকম সূচকের তালিকা আগামী ০২ (দুই) সপ্তাহের মধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রস্তুতপূর্বক এ বিভাগকে অবহিত করবে। | তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগ /সংস্থাসমূহের সাথে যোগাযোগের মাধ্যমে ২০২০ সালের মধ্যে অর্জন করা যাবে এবং যেগুলো ভাল অবস্থানে রয়েছে এরকম সূচকের তালিকা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রস্তুতপূর্বক এ বিভাগকে অবহিত করেছে। মোট ০৯টি সূচক ২০২০ সালের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা যাবে। উল্লেখ্য যে, গত ১৯.০৬.২০১৯ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সাথে সভায় এ বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করা হয়েছে। |
| ৪. হালনাগাদ তথ্য পাওয়ার জন্য NDCC এর আওতাধীন বিষয়ভিত্তিক কারিগরি কমিটি মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থার ডাটা প্রদানকারী কর্মকর্তাগণকে নিয়ে প্রতি তিন মাসে অন্তত একবার সভা করবে। | গত ০৯ মে ২০১৯ তারিখে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক কারিগরি কমিটির সভাপতি এবং সদস্য- সচিবদেরকে পত্র প্রেরণ করা হয়েছে। গত ২৯ জুলাই হতে ০৪ আগষ্ট ২০১৯ তারিখে বিষয়ভিত্তিক কারিগরি কমিটি সমূহের সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৫. ডাটা প্রদানকারী কর্মকর্তাগণ SDG Tracker- এ ডাটা প্রদানের পরপরই তাঁদেরকে Notification এর মাধ্যমে SDG Tracker-এ ডাটা প্রবেশ করেছে মর্মে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এটুআই প্রোগ্রাম কর্তৃক নিশ্চয়তা প্রদান করতে হবে। | বর্তমানে ভার্সনে SDG Tracker- এ ডাটা প্রদানের পরপরই ডাটা প্রদানকারী কর্মকর্তাগণকে Notification এর মাধ্যমে SDG Tracker-এ ডাটা প্রবেশ করেছে মর্মে এসএমএস-এর মাধ্যমে অবহিত করার বিষয়টি চালু করা হয়েছে। তবে, পরবর্তীতে SDG Tracker- এর নতুন ভার্সনে Notification system অধিকতর কার্যকরীভাবে চালু করা হবে। |
| ৬. (৩৯+১) টি অগ্রাধিকার সূচকের স্থানীয় লক্ষ্যমাত্রা যা ১টি অতিরিক্ত সূচক সংশ্লিষ্ট জেলা/উপজেলা যে বিষয়ে তুলনামূলক পিছিয়ে আছে সেখান থেকে নিজস্ব বিবেচনায় গ্রহণ করবে সেটি নির্ধারণের জন্য এটুআই (a2i) প্রোগ্রাম সকল জেলার জেলা প্রশাসককে জানিয়ে পত্র প্রেরণ করবে। এক্ষেত্রে খেয়াল রাখতে হবে যেন, ১টি অতিরিক্ত সূচক নির্ধারণের ক্ষেত্রে জেলার সাথে উপজেলায় যেন সামঞ্জস্য থাকে যাতে সূচকটি ভালোভাবে অর্জন করা যায় এবং প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদেরকে নিয়ে জেলার টার্গেট ঠিক করতে হবে। | এটুআই (a2i) প্রোগ্রাম এ বিষয়ে সকল জেলার জেলা প্রশাসককে জানিয়ে পত্র প্রেরণ করেছে। এ পর্যন্ত ৪০ টি জেলা অগ্রাধিকার সূচক বাছাই করতে পেরেছে। |
| ৭. এসডিজি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তথা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক তৈরিকৃত Template-টি পুনরায় ইমেইলে ডাটা প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় | এসডিজি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তথা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক তৈরিকৃত Template-টি পুনরায় ইমেইলে ডাটা প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় প্রেরণ করা |

| সভার সিদ্ধান্তসমূহ | গৃহীত পদক্ষেপসমূহ |
|---|---|
| প্রেরণ করতে হবে। যেসকল ডাটা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা অদ্যাবধি পূর্বে প্রেরিত Template অনুযায়ী হালনাগাদ তথ্য প্রেরণ করেনি সেসকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হালনাগাদ তথ্যসম্বলিত Templateটি এ বিভাগে ১২ মে ২০১৯ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। | হয়েছে। ২৪টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে হালনাগাদ তথ্য-উপাত্ত (আংশিক/সম্পূর্ণ) পাওয়া গেছে। |
| ৮. ২৩২টি সূচকের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের সাথে সংশ্লিষ্ট (৩৯+১)টি অগ্রাধিকার সূচকের হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ১২ মে ২০১৯ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। ডাটা বিষয়ে বিবিএস Overall সংস্থার সাথে সমন্বয় করবে। | হালনাগাদ ডাটা প্রাপ্তির লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। ০৬টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে হালনাগাদ তথ্য-উপাত্ত (প্রক্ষেপণ/আংশিক/সম্পূর্ণ) পাওয়া গেছে। |
| ৯. SDG ডাটার পাশাপাশি বিভিন্ন আন্তর্জাতিক সূচকসমূহের তথ্য-উপাত্ত হালনাগাদ রাখার জন্য NDCC-এর আওতায় গঠিত আইসিটি বিষয়ক কারিগরি কমিটি যে ২২টি সূচক পর্যালোচনা করেছে সেগুলো সংশ্লিষ্ট মন্ত্রণালয় অনুযায়ী দায়িত্ব বণ্টন করে দিতে হবে। এক্ষেত্রে, কোন সূচকটির জন্য কে লিড মন্ত্রণালয় এবং কে কো-লিড মন্ত্রণালয় আইসিটি বিষয়ক কমিটি সেটি Identify করবে। প্রত্যেকটি আন্তর্জাতিক সূচকসমূহের জন্য কী কী ডাটা লাগবে সেটি চিহ্নিত করে আগামী ০২ (দুই) সপ্তাহের মধ্যে আইসিটি বিষয়ক কারিগরি কমিটি প্রতিবেদন দাখিল করবে। | SDG ডাটার পাশাপাশি বিভিন্ন আন্তর্জাতিক সূচকসমূহের তথ্য-উপাত্ত হালনাগাদ রাখার জন্য উল্লিখিত ২২টি সূচকের মধ্যে বাংলাদেশের জন্য কতগুলো সূচক উপযুক্ত তা চিহ্নিতকরণের লক্ষ্যে গত ২১ মে ২০১৯ তারিখে আইসিটি বিষয়ক কারিগরি কমিটির ৩য় সভা এবং ০১ আগস্ট ২০১৯ তারিখে ৪র্থ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সুপারিশের আলোকে আন্তর্জাতিক সূচকসমূহের লিড মন্ত্রণালয় এবং কো-লিড মন্ত্রণালয় Identify করা হয়েছে।<br>গত ১৯.০৬.২০১৯ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সাথে সভায় আন্তর্জাতিক সূচকসমূহের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ভিত্তিক চিহ্নিত সূচকসমূহের তথ্য-উপাত্ত উপস্থাপিত হয়। এসময় তিনি সূচকসমূহ চিহ্নিতকরণের বিষয়ে ভূয়সী প্রসংশা করেন এবং সন্তোষ প্রকাশ করেন। তিনি চিহ্নিত সূচকসমূহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে সমন্বয় এবং দায়িত্ব বণ্টনের লক্ষ্যে একটি কর্মশালা আয়োজনের পরামর্শ প্রদান করেন। |

২.৩। আলোচ্যসূচি খ: SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোড সংক্রান্ত তথ্য উপস্থাপনের জন্য আহ্বান জানানো হয়। এ প্রেক্ষিতে এটুআই (a2i) প্রোগ্রামের হেড অব রেজাল্টস ম্যানেজমেন্ট অ্যান্ড ডাটা ড. রমিজ উদ্দিন জানান যে, SDG Tracker-এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোডের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ডাটা প্রদানকারী কর্মকর্তাগণকে এটুআই (a2i) প্রোগ্রাম এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে যৌথভাবে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ডাটা প্রদানকারী কর্মকর্তাগণ SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোড করলেও ডাটা অনুমোদনকারী কর্মকর্তাগণ দ্রুত অনুমোদন না দেওয়াতে এবং বদলীজনিত কারণে ডাটা প্রদানকারী কর্মকর্তাগণ বারংবার পরিবর্তন হওয়ার কারণে হালনাগাদ তথ্য-উপাত্ত SDG Tracker- এ আপলোড হচ্ছেনা। SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোড না করলে বাংলাদেশ SDG অর্জনে অগ্রগামী ভূমিকা রাখতে পারবেনা। সুতরাং ডাটা প্রদানকারী কর্মকর্তাগণ SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোড করার পর ডাটা অনুমোদনকারী কর্মকর্তাগণ দ্রুত অনুমোদন প্রদানে সচেষ্ট হওয়া জরুরী। তিনি জানান যে, SDG

Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোড করার বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যেকোন সহযোগিতা প্রদানে এটুআই (a2i) প্রোগ্রাম এবং বিবিএস সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রেখেছেন।

২.৪। আলোচ্যসূচি গ: ২৩২টি এসডিজি সূচক এবং ৪০(৩৯+১)টি এসডিজি অগ্রাধিকার সূচকের হালনাগাদ তথ্য-উপাত্ত পর্যালোচনা অংশে সভার সভাপতি জানতে চান যে, কোন মন্ত্রণালয় কতটি হালনাগাদ ডাটা প্রদান করেছে? এর প্রেক্ষিতে ড. দিপংকর রায়, উপসচিব (এসডিজি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় মহোদয়ের নির্দেশনা মোতাবেক হালনাগাদ তথ্য প্রাপ্তির লক্ষ্যে "SDG Data Availability Status Report" শীর্ষক একটি Template তৈরিপূর্বক তথ্য-উপাত্ত প্রস্তুতকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় একাধিকবার প্রেরণ করা হয়েছে। সে প্রেক্ষিতে ২৪টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে হালনাগাদ ডাটা (আংশিক/সম্পূর্ণ) পাওয়া গেছে। তিনি বলেন যে, যেসব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে টাইমলাইন অনুযায়ী হালনাগাদ ডাটা দ্রুত পাওয়া সম্ভব নয় সেসব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা Templateটির Remarks কলামে কত সাল নাগাদ হালনাগাদ ডাটা পাওয়া যেতে পারে সেটি উল্লেখ করে Templateটি এ বিভাগে প্রেরণ করতে পারেন। এ বিষয়ে জনাব মো. আলমগীর হোসেন, উপপরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সভাকে জানান যে, উক্ত Templateটিতে ২৩২টি সূচকের মধ্যে বর্তমানে ১৪৩টি সূচকের Baseline ডাটা আছে যার মধ্যে ৭৮টি সূচকের update ডাটা আছে, অবশিষ্ট ১০১টি সূচকের কোন Baseline ডাটা নেই যদিও ৬৬টি সূচকের মেটাডাটা আছে, ৩৪টি সূচকের মেটাডাটা নেই এবং ১টি সূচক বাংলাদেশের জন্য প্রযোজ্য নয়।

জনাব শাহ মো. হেলাল উদ্দীন, উপ-প্রধান, বিদ্যুৎ বিভাগ বলেন যে, SDG Tracker-এ ডাটা আপলোড করার জন্য বিদ্যুৎ বিভাগ থেকে ডাটা প্রদানকারী কর্মকর্তা এবং ডাটা অনুমোদনকারী কর্মকর্তা নির্ধারণের জন্য এটুআই (a2i) প্রোগ্রাম কর্তৃক পত্র প্রেরণ করা প্রয়োজন। তিনি আরো বলেন যে, অভীষ্ট ৭ এর সূচক ৭.১.১, ৭.১.২ ও ৭.২.১ এর ডাটা বিদ্যুৎ বিভাগ দেওয়ার কথা কিন্তু প্রেরিত Templateটি তে বিবিএস এর Data Source উল্লেখ করা আছে। জবাবে জনাব মো. আলমগীর হোসেন, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস জনান যে, সূচকগুলোর তথ্য যেহেতু Household Level থেকে আসবে সেজন্য এই সূচকগুলো Survey Data থেকেই আসবে আর যদি বিদ্যুৎ বিভাগের Administrative Data থেকে আসে তাহলে অবশ্যই বিবিএস কর্তৃক Authenticate করে নিতে হবে।

প্রতিনিধি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বলেন যে, তাঁর মন্ত্রণালয় ০৩টি সূচকের Data প্রদান করবে। এসব সূচকের টাইমলাইন অনুযায়ী হালনাগাদ Data প্রদান করতে হলে জরিপ করতে হবে এবং বিবিএস এর সহযোগিতা প্রয়োজন। পরিপ্রেক্ষিতে মহাপরিচালক, বিবিএস জানান যে, বিবিএস এসকল ক্ষেত্রে সম্ভাব্য সকল Technical Support প্রদান করতে পারবে।

সভাপতি বলেন যে, এসডিজি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তথা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যে Template তৈরি করেছে সেটিতে সকল মন্ত্রণালয়/বিভাগের দায়িত্ব সুনির্দিষ্টভাবে বর্ণনা করা হয়েছে। Templateটিতে বর্ণিত Timeline অনুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক দ্রুত হালনাগাদ ডাটা প্রদান করা প্রয়োজন।

(৩৯+১)এসডিজি অগ্রাধিকার সূচকের অগ্রগতি বিষয়ে জনাব মো. সাইফুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে জানান যে, (৩৯+১)টি এসডিজি অগ্রাধিকার সূচকের হালনাগাদ তথ্য প্রাপ্তির লক্ষ্যে বিবিএসের উইংসমূহের এসডিজি ওয়ার্কিং টিমের সদস্য-সচিবগণকে বিবিএস সংশ্লিষ্ট এবং বিবিএস-এর ক্লাস্টারভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে অন্যান্য সকল তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের সাথে যোগাযোগপূর্বক তথ্য-উপাত্ত সংগ্রহের দায়িত্ব প্রদান করা হয়েছে। কর্মকর্তাগণ যোগাযোগ অব্যাহত রেখেছেন।

২.৫। আলোচ্যসূচি ঘ: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটির আওতাধীন ০৭টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটির সুপারিশ পর্যালোচনা অংশে জনাব মো. সাইফুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সংশ্লিষ্ট সকল বিষয়ভিত্তিক কারিগরি কমিটির সভাপতিগণকে তাদের সুপারিশসমূহ সভায় তুলে ধরার আহ্বান জানান। পরিপ্রেক্ষিতে জনাব বিকাশ কিশোর দাস, অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ অর্থনীতি, পরিবেশ ও জলবায়ু, স্বাস্থ্য জনতত্ত্ব ও পুষ্টি কমিটির সভাপতি হিসেবে সুপারিশসমূহ তুলে ধরেন। তিনি বলেন যে, এই ০৩টি কমিটিতে ৯৫টি সূচক নিয়ে কাজ করা হচ্ছে। অর্থনীতি কমিটিতে ৪২টি সূচকের প্রত্যেকটির হালনাগাদ তথ্য প্রাপ্তির জন্য বিবিএস এর উইংসমূহের ও সদস্য-

সচিবগণ এবং ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হয়েছে। এসব কমিটির আওতাধীন সূচকসমূহ পর্যালোচনান্তে কিছু সূচক যেমন, অর্থনীতি কমিটির ০২টি সূচক বিয়োজনপূর্বক কৃষি বিষয়ক কারিগরি কমিটিতে সংযোজন করা হয়েছে। উক্ত কমিটিসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কমিটিতে কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে কো-অপ্ট করার সুপারিশ করা হয়েছে।

জনাব মাহমুদা আকতার, অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আইসিটি বিষয়ক কারিগরি কমিটির সভাপতি হিসেবে সুপারিশসমূহ তুলে ধরেন। তিনি জানান যে, SDG ডাটার পাশাপাশি বিভিন্ন আন্তর্জাতিক সূচকসমূহের তথ্য-উপাত্ত হালনাগাদ রাখার জন্য উল্লিখিত ২৩টি সূচকের মধ্যে বাংলাদেশের জন্য কতগুলো সূচক উপযুক্ত তা চিহ্নিতকরণের লক্ষ্যে গত ২১ মে ২০১৯ তারিখে আইসিটি বিষয়ক কারিগরি কমিটির ৩য় সভা এবং ০১ আগস্ট ২০১৯ তারিখে ৪র্থ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সুপারিশের আলোকে আন্তর্জাতিক সূচকসমূহের লিড মন্ত্রণালয় এবং কো-লিড মন্ত্রণালয় Identify করা হয়েছে। সভার আলোচ্যসূচি ৬-এর আওতায় তিনি বিস্তারিত উপস্থাপনার জন্য জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, কম্পিউটার উইং ও সদস্য-সচিব আইসিটি বিষয়ক কারিগরি কমিটিকে আহ্বান জানান। পরিপ্রেক্ষিতে জনাব কবির উদ্দিন আহাম্মদ সভাকে জানান যে, SDG ডাটার পাশাপাশি বিভিন্ন আন্তর্জাতিক সূচকসমূহের তথ্য-উপাত্ত হালনাগাদ রাখার জন্য ICT Development Index, e-Government Development Index, E-Participation Index, Global Cyber security Index, Doing Business Index, World Happiness Index, Global Innovation Index, Findex- World Bank, SDG Index, Human Capital Index, Human Development Index (UNDP), Global Competitiveness Index-সহ ২২টি সূচকের ডাটা প্রদানকারীদের Mapping এবং Summary তৈরি করা হয়েছে। পরবর্তীতে এটুআই প্রোগ্রামের হেড অব রেজাল্টস ম্যানেজমেন্ট অ্যান্ড ডাটা ড. রমিজ উদ্দিনকে আন্তর্জাতিক সূচকসমূহের উপর তৈরিকৃত Mapping এবং Summary বিস্তারিতভাবে উপস্থাপন করেন। তিনি বলেন যে, এসব Index-সমূহে Criteria অনুযায়ী যথাযথ হালনাগাদ ডাটা Input নিশ্চিত করা গেলে Ranking-এ বাংলাদেশের অবস্থান অধিকতর প্রতিফলিত হবে।

জনাব মাহমুদা আকতার, অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে অবহিত করেন যে, গত ১৯.০৬.২০১৯ তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয় এবং সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয়ের সাথে সভায় মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাভিত্তিক চিহ্নিত আন্তর্জাতিক সূচকসমূহের তথ্য-উপাত্ত উপস্থাপিত হয়। এসময় মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয় আন্তর্জাতিক সূচকসমূহ চিহ্নিতকরণের বিষয়ে ভূয়সী প্রসংশা করেন এবং সন্তোষ প্রকাশ করেন। তিনি চিহ্নিত সূচকসমূহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে সমন্বয় এবং দায়িত্ব বণ্টনের লক্ষ্যে একটি কর্মশালা আয়োজনের পরামর্শ প্রদান করেন।

এ পর্যায়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কৃষি, আর্থসামাজিক ও শিক্ষা কমিটির সভাপতি হিসেবে কমিটির সুপারিশসমূহ তুলে ধরেন। তিনি জানান যে, কমিটির সভাসমূহে কিছু মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে প্রতিনিধি উপস্থিত থাকেন না। আবার উপস্থিত থাকলেও এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট/এসডিজি সংশ্লিষ্ট কর্মকর্তারা সবসময় আসেন না। কমিটিসমূহের সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট/এসডিজি সংশ্লিষ্ট কর্মকর্তার নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। তিনি বলেন কোনো ধরণের প্রকাশনায় Statistics শব্দটি ব্যবহার করলে অবশ্যই বিবিএস থেকে Authenticate করতে হবে। এছাড়া, তিনি বলেন যে, কিছু কিছু মন্ত্রণালয়ের ডাটা প্রদানকারী কর্মকর্তাগণ SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোড করার পরও ডাটা অনুমোদনকারী কর্মকর্তাগণ অনুমোদন প্রদানে সময়ক্ষেপন করছেন। এতে SDG Tracker-এ হালনাগাদ ডাটা আপলোড বিলম্ব হচ্ছে। উক্ত কমিটিসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কমিটির সভাসমূহে কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে কমিটিসমূহে কো-অপ্ট করার সুপারিশ করা হয়েছে।

২.৬। আলোচ্যসূচি চ: অংশে উপসচিব (এসডিজি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে অবহিত করেন যে, এসডিজি পরিবীক্ষণে সরকার ব্যতীত অন্যান্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত উপাত্ত প্রকাশ ও ব্যবহারের বিষয়ে এসডিজি বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত জাতীয় কমিটির "Framework of Collaboration between Government of Bangladesh and

Development Partners”-এ জাতীয় উপাত্ত সমন্বয় কমিটির সভায় আলোচনার বিষয়টি উল্লেখ রয়েছে। তিনি বলেন যে, এ ক্ষেত্রে Private sector, NGOs, CSOs-দের নিয়ে পরবর্তীতে সুবিধাজনক সময়ে একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে। জনাব পার্থপ্রতিম দেব, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বলেন যে, কর্মশালা আয়োজনের পূর্বে Private sector, NGOs, CSOs-দের মধ্যে কোন কোন প্রতিষ্ঠান ডাটা দিবে সেটি Mapping করা প্রয়োজন।

২.৭। এ পর্যায়ে সভাপতি সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সম্প্রতি মালদ্বীপ সফরের অভিজ্ঞতালব্ধে জানান যে, বিশ্বের অনেক দেশেই পরিসংখ্যান আইন নাই। সে হিসেবে বাংলাদেশ অনেক এগিয়ে গেছে কারণ বাংলাদেশে পরিসংখ্যান আইন ২০১৩ রয়েছে। তিনি সম্প্রতি ভুটান সফরে লব্ধ অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ করে বলেন, সে দেশে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় জাতীয় পরিসংখ্যান সংস্থার কর্মকর্তাদের পদায়ন করা হয়। সে অভিজ্ঞতা ও NSDS-এর নির্দেশনার বিষয়টি উল্লেখ করে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর একটি প্রস্তাব সারসংক্ষেপ আকারে প্রেরণ করা হলে তিনি তা সানুগ্রহ অনুমোদন করেছেন। পরবর্তীতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিসিএস পরিসংখ্যান ক্যাডারের ৫৮টি পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের মতামতের আলোকে উল্লিখিত বিষয়ে নামকরণ ও পদ সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এ প্রক্রিয়াটি সম্পন্ন হলে জাতীয় পরিসংখ্যান ব্যবস্থায় একটি যুগান্তকারী গুণগত পরিবর্তন আসবে বলে তিনি সভায় আশা প্রকাশ করেন। তিনি বলেন যে, এ বিভাগ কর্তৃক বেশ কয়েকটি প্রশিক্ষণ ও ৩০ টি সেমিনার হয়েছে। এছাড়া, (৩৯+১)টি অগ্রাধিকার সূচকের হালনাগাদ তথ্য-উপাত্ত পর্যালোচনার নিমিত্ত ০৬/০২/২০১৯, ২৫/০২/২০১৯ ও ০৪/০৮/২১০৯ তারিখে সভা করা হয়েছে। তিনি বলেন যে, বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কমিটিসমূহে সদস্য কো-অপ্ট করার সুপারিশ করা যেতে পারে তবে অবশ্যই সেটি জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি কর্তৃক অনুমোদিত হওয়া প্রয়োজন। এছাড়া, বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের সদস্যগণ ডাটা প্রদান নিশ্চিত করবেন। মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ভিত্তিক চিহ্নিত আন্তর্জাতিক সূচকসমূহের হালনাগাদ তথ্য প্রদানে দায়িত্ব বণ্টন ও সমন্বয়ের লক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে একটি কর্মশালা আয়োজন করতে হবে। এছাড়া, এসডিজি পরিবীক্ষণে সরকার ব্যতীত অন্যান্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত উপাত্ত প্রকাশ ও ব্যবহারের জন্য Mapping পরবর্তীতে একটি কর্মশালা আয়োজন করা প্রয়োজন।

৩.০। সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

১. SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোড করার জন্য যেসব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ডাটা প্রদানকারী কর্মকর্তাগণ ও ডাটা অনুমোদনকারী কর্মকর্তা মনোনীত করেনি সেসব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা আগামী ২০ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে ডাটা প্রদানকারী কর্মকর্তাগণ ও ডাটা অনুমোদনকারী কর্মকর্তা মনোনয়ন করবে। এ বিষয়ে এটুআই (a2i) প্রোগ্রাম সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে পুনরায় পত্র প্রেরণপূর্বক এ বিভাগকে অবহিত করবে।

২. SDG Tracker- এ হালনাগাদ তথ্য-উপাত্ত আপলোডের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ডাটা প্রদানকারী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এটুআই প্রোগ্রাম যৌথভাবে কাজ করবে।

৩. যেসকল ডাটা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা অদ্যাবধি পূর্বে প্রেরিত “ SDG Data Availability Status Report” শীর্ষক Templateটিতে হালনাগাদ তথ্য-উপাত্ত প্রেরণ করেনি সেসকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হালনাগাদ ডাটা এ বিভাগে নিয়মিত প্রেরণ করবে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে পুনরায় এবিষয়ে একটি পত্র প্রেরণ করতে হবে।

৪. বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/এসডিজি সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিয়মিত উপস্থিতি থাকবেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের সদস্যগণ Templateটিতে ডাটা প্রদান নিশ্চিত করবেন।

৫. আন্তর্জাতিক সূচকসমূহের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ভিত্তিক চিহ্নিত সূচকসমূহের হালনাগাদ তথ্য প্রদানে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ভিত্তিক দায়িত্ব বণ্টন ও সমন্বয়ের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও এর আওতাধীন বিবিএস এবং এটুআই (a2i) প্রোগ্রাম যৌথভাবে একটি কর্মশালা আয়োজন করবে।

৬. এসডিজি পরিবীক্ষণে সরকার ব্যতীত অন্যান্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত উপাত্ত প্রকাশ ও ব্যবহারের লক্ষ্যে Private sector, NGOs, CSOs-দের নিয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও এর আওতাধীন বিবিএস এবং এটুআই (a2i) প্রোগ্রাম যৌথভাবে সুবিধাজনক সময়ে একটি কর্মশালা আয়োজন করবে।

৭. ইতোমধ্যে যে সকল কারিগরি কমিটিসমূহ তাদের কমিটিতে নতুন সদস্য কো-অপ্ট করেছে অদ্যকার সভায় উক্ত প্রস্তাব অনুমোদন করা হল। তবে বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কমিটিসমূহে সদস্য কো-অপ্ট করার প্রস্তাব অবশ্যই জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে।

৪.০। আর কোন আলোচনা না থাকায় সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের প্রতিনিধিদের ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৮/১৯

সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী
সচিব